P-16, Ittefaq, 14 Sept. 2021

# চিঠি লিখে নুবায়শার বিশ্বজয়



■ সিলেট অফিস

বিশ্ব ডাক সংস্থা (ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন) আয়োজিত ৫০তম পত্র লিখন প্রতিযোগিতায় কিশোরী নুবায়শা ইসলাম স্বর্ণপদক লাভ করেছে। চিঠি লিখে সিলেটের মেয়ে নুবায়শার বিশ্বজয়ের বিষয়টি সিলেটে বেশ আলোচিত হয়েছে। পত্র লেখার বিষয় ছিল কোভিড-১৯। তার সাফল্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার তাকে অভিনন্দন জানিয়েছেন। সিলেট নগরীর আনন্দ নিকেতন স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী নুবায়শা ইসলাম সুইজারল্যান্ডে গিয়ে পুরস্কার গ্রহণ করবে।

সূত্র জানায়, গত ২৭ আগস্ট আইভরি কোস্টের আবিদজানে অনুষ্ঠিত কংগ্রেসে বিশ্ব ডাক সংস্থা আয়োজিত পত্র লিখন প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী হিসেবে নুবায়শার নাম ঘোষণা করেন সংস্থাটির মহাপরিচালক বিশার এ হোসেইন। এ প্রতিযোগিতায় পৃষ্ঠা ২ কলাম ৩

## চিঠি লিখে নুবায়শার

১৬ পৃষ্ঠার পর P-2, Ittefaq, 14 Sept.'21

দ্বিতীয় স্থান অধিকার করেছে নর্থ মেসিডোনিয়ার ব্রুনো ইভানোভস্কি ও তৃতীয় ভিয়েতনামের দাও আনহথু। নুবায়শা তার অনাগত বোনকে উদ্দেশ্য করে লেখা চিঠিতে করোনাকালে মৃত্যুভয়, স্বজন হারানোর ভয়ের কথা উল্লেখ করে। একই সঙ্গে প্রচণ্ড আশাবাদ ব্যক্ত করেছে একটি ভালো সময় আসার।

তার সাফল্যে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার নিজের ফেসবুক আইডিতে সবাইকে চিঠিটি পড়ার আমন্ত্রণ জানিয়ে লিখেছেন, 'নুবায়শাকে অভিনন্দন। পাশাপাশি আমরা তার পিতা-মাতা ও শিক্ষাপ্রতিষ্ঠানকেও অভিনন্দন জানাই। জয় বাংলা। ভালো থাকো আমাদের স্বর্ণকিশোরী।'

নুবায়শা বাংলাদেশ ব্যাংক, সিলেটের যুগ্ম-পরিচালক মোহাম্মদ শফিকুল ইসলাম এবং সিলেট গ্রামার স্কুলের জ্যেষ্ঠ শিক্ষিকা জেসমিন আক্তার দম্পতির একমাত্র মেয়ে। নুবায়শার হবি বই পড়া।

P-3, Ittefaq, 20 Sept. 2021

# রাজউকের নকশা অনুমোদন থেকে ভবন ব্যবহারের সনদ মিলবে অনলাইনে

■ নিলয় মামুন

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এখন থেকে সেবাগ্রহীতাদের হয়রানি ও কষ্ট লাঘব করতে ভবনের নকশা অনুমোদন থেকে ভবন ব্যবহার সনদ প্রদান পর্যন্ত সব কার্যক্রম অনলাইনের মাধ্যমে করার উদ্যোগ নিয়েছে। এই প্রকল্পের মাধ্যমে আবেদনকারী তার আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবে অনলাইন ও ইমেইলের মাধ্যমে। সার্ভিস গ্রহণের ফি বাবদ টাকা নিজের সুবিধাজনক যে কোনো সময়ে যে কোনো স্থান থেকে অনলাইনের মাধ্যমেই তিনি জমা দিতে পারবেন। অর্থ পরিশোধের মাধ্যম হিসেবে ডেবিট-ক্রেডিট কার্ড ও ইন্টারনেট ব্যাংকিং সিস্টেম ছাড়াও মোবাইল ব্যাংকিং (নগদ, বিকাশ, রকেট) ইত্যাদি প্ল্যাটফরম ব্যবহার করা যাবে।

গতকাল রবিবার রাজধানীর একটি হোটেলে আরবান রেজিলিয়েন্স প্রকল্পের আওতায় ইলেকট্রনিক কনস্ট্রাকশন পারমিটিং সিস্টেমের উদ্বোধন করা হয়। প্রকল্পটি বিশ্বব্যাংকের অর্থায়নে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়ন করছে রাজউক। গতকাল এই প্রকল্পের আওতায় আইএবি ও আইইবির সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। যার মাধ্যমে নকশা ও প্রকৌশলী সম্পর্কে বিস্তারিত অবগত হবে রাজউক। এছাড়া এই সিস্টেম বাস্তবায়ন করতে তাদের সহযোগিতা পাওয়া যাবে।

ইসিপিএস সিস্টেমে অনলাইনের মাধ্যমে বর্তমানে রাজউকের জোন-৩/২ এর গুলশান, মিরপুর, সাভার, টঙ্গী এবং জোন-৪/২ এর গুলশান এলাকার জন্য প্রাথমিকভাবে এটি চালু করা হয়েছে। এছাড়া কয়েক মাসের ভেতর পর্যায়ক্রমে রাজউকের সব জোন এবং সাব-জোনে সিস্টেমটি বাস্তবায়ন করা হবে বলে জানান প্রকল্প সংশ্লিষ্টরা।

**ইলেকট্রনিক কনস্ট্রাকশন পারমিটিং সিস্টেমের উদ্বোধন**

**এই প্রকল্পের মাধ্যমে আবেদনকারী তার আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারবে ইমেইলের মাধ্যমে। সার্ভিস গ্রহণের ফি বাবদ টাকা নিজের সুবিধাজনক যে কোনো সময়ে যে কোনো স্থান থেকে অনলাইনের মাধ্যমেই তিনি জমা দিতে পারবেন**

এই এসপিএস পদ্ধতিটি ডেভেলপমেন্ট করেছে যুক্তরাষ্ট্রভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান আরটিআই ইন্টারন্যাশনাল।

গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে প্রকল্প পরিচালক আবদুল লতিফ হেলালী বলেন, এক সময় আমি অথরাইজ অফিসার ছিলাম। সে সময় দেখেছি নকশা অনুমোদন নিয়ে কী পরিমাণ হয়রানির মধ্যে পড়তে হয়। তখন থেকে আমি অনলাইনে সফটওয়ারের মাধ্যমে এসব নিষ্পত্তির একটি স্বপ্ন দেখেছিলাম। আর সেটি আজকে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হলো। এর মাধ্যমে সেবাগ্রহীতার সময় ও হয়রানি কমবে।

রাজউকের চেয়ারম্যান আমিন উল্লাহ নূরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী শরীফ আহমেদ। এছাড়া বিশেষ অতিথি ছিলেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মো. শহীদ উল্লা খন্দকার, বিশ্বব্যাংকের দুর্যোগে ক্ষয়ক্ষতি মোকাবিলা বিষয়ক বিশেষজ্ঞ স্বর্ণা কাজী, রাজউকের সদস্য (ডেভেলপমেন্ট) মেজর (অবসরপ্রাপ্ত) প্রকৌশলী শামসুদ্দীন আহমেদ চৌধুরী প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, এই সিস্টেমে সব অনলাইনের মাধ্যমে সেবাগ্রহীতারা সব সেবা ঘরে বসে পাবেন। তার ফাইলের সর্বশেষ অবস্থা জানতে পারবেন।

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, এই প্রকল্পের অধীনে বর্তমানে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (বিএনবিসি) এবং নির্মাণ বিধিমালা যথাযথভাবে অনুসরণ না করায় বাংলাদেশ ভূমিকম্পের বিপর্যয়ের ঝুঁকিতে রয়েছে। যার কারণে রাজউক কর্তৃক পূর্ব প্রস্তুতি হিসেবে দেশের দুর্যোগকালীন সহনক্ষমতা হিসেবে গুরুত্বপূর্ণ স্থাপনার সক্ষমতা বৃদ্ধি এবং নতুন নির্মাণের গুণগত মান উন্নয়ন করার লক্ষ্যে এই প্রকল্প কাজ করবে। এছাড়া প্রকল্পটির আওতায় মহাখালীতে একটি অত্যাধুনিক ১০ তলাবিশিষ্ট ল্যাবরেটরি ভবন নির্মাণ করা হচ্ছে। যার জন্য আধুনিক বিভিন্ন ফিল্ড ও ল্যাবরেটরি টেস্টিং যন্ত্রপাতিও ক্রয় করা হয়েছে। প্রকল্পটির অধীনে আরবান রেজিলিয়েন্স ইউনিট গঠন ও পরিচালনা করা, প্রকৌশলী ও স্থপতি ও নগর পরিকল্পনাবিদগণের অ্যাক্রিডিটেশন প্রোগ্রাম পরিচালনা করা, ডিএমডিপি এলাকার ভূমিকম্প ঝুঁকি সংবেদনশীল ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন করা এবং বিএনবিসি বাস্তবায়ন ও প্রয়োগে সহায়তা করা নিশ্চিত করা হবে।

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

৪, সোবহানবাগ মিরপুর রোড, ঢাকা-১২০৭
☎ ৫৮১৫৫০৩৪, ৫৮১৫৫০৭৭, ৫৮১৫৫১১৬, ৯১০৩১৭১-৩ (পিএবিএক্স)
৫৮১৫২৪৭৬ (ফ্যাক্স)

P2
Ittefaq, 21 Sept. 2021

## প্রশিক্ষণ কর্মসূচি, অক্টোবর ২০২১

| তারিখ ও সময় | স্থান ও ফি | কোর্স সমন্বয়কারী |
|---|---|---|
| **1. Management for New Managers** | | |
| অক্টোবর ০৩-০৭<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৭,০০০/- | লামিয়া ফারহা<br>সেল :০১৭১১-২২১২২৬<br>ই-মেইল : lamia.farha@bim.gov.bd<br>lamia.farha.bim@gmail.com |
| **2. Basic Human Resource Management** | | |
| অক্টোবর ০৩-১৪<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৯,০০০/- | মুহাম্মদ মইনুল ইসলাম<br>সেল : ০১৭২০-৪৬২২০২<br>ই-মেইল : mainul.islam@bim.gov.bd<br>mainul0786@yahoo.co.in |
| **3. Supply Chain Management** | | |
| অক্টোবর ০৩-১৪<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৯,০০০/- | মোহাম্মদ সাঈদুর রহমান<br>সেল :০১৮১৯-২৩১২১৯, ০১৭২৭-৬৫৪৪২৮<br>ই-মেইল : sayeedur.rahman@bim.gov.bd<br>sayeed19@gmail.com |
| **4. Practical Income Tax & VAT Management** | | |
| অক্টোবর ০৩-১৪<br>১৭:০০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৯,০০০/- | তানভীর হোসাইন<br>সেল :০১৭২৬-১৩৪৪০০<br>ই-মেইল : tanvir.hossain@bim.gov.bd<br>tanvir.fm@gmail.com |
| **5. সরকারি চাকরির অত্যাবশ্যকীয় নিয়মাবলী** | | |
| অক্টোবর ০৯-১০<br>০৯:০০-১৭:০০ | বিআইএম ঢাকা<br>৬,০০০/- | এম. আমিনুর<br>সেল :০১৭১৬-৫৫১৬৬১<br>ই-মেইল : aminoor@bim.gov.bd<br>amenoor.bim@gmail.com |
| **6. Service Simplification** | | |
| অক্টোবর ১০-১১<br>১০:০০-১৬:০০ | বিআইএম চট্টগ্রাম<br>৬,০০০/- | ফারখুন্দা ডরিন<br>সেল :০১৭১১-৯০৭৪১৮<br>ই-মেইল : farkhunda.dorin@bim.gov.bd<br>dorin.bim@gmail.com |
| **7. Localization & Mainstreaming of SDGs for Industrial Development & Ecology: Integrating in Citizen Charter, FYP & APA** | | |
| অক্টোবর ১৭-২০<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>১৫,০০০/- | মোহাম্মদ সাঈদুর রহমান<br>সেল :০১৮১৯-২৩১২১৯, ০১৭২৭-৬৫৪৪২৮<br>ই-মেইল : sayeedur.rahman@bim.gov.bd<br>sayeed19@gmail.com<br>মোঃ রাজিবুল হক<br>সেল : ০১৯১৪-৪৮৪৪০৬<br>ই-মেইল : rajibul.hoque@bim.gov.bd<br>rajibulatbim@gmail.com |
| **8. Total Quality Management (TQM) (Online)** | | |
| অক্টোবর ২১-২৩<br>০৯:০০-১৭:০০ | বিআইএম ঢাকা<br>৫,০০০/- | ড. ইঞ্জিঃ মোঃ মামুনুর রশিদ<br>সেল :০১৭১২-৭০০৪১২<br>ই-মেইল : mamunur.rashid@bim.gov.bd<br>mamun87245@gmail.com |
| **9. Capacity Development for Managing Public Procurement Process** | | |
| অক্টোবর ২২-২৫<br>০৯:০০-১৭:০০ | বিআইএম ঢাকা<br>৭,০০০/- | মোঃ আমিনুল ইসলাম<br>সেল :০১৭১৮-৪২৭৯৪৭<br>ই-মেইল : aminul.islam@bim.gov.bd<br>aminulmcbim@gmail.com |
| **10 Financial Management for Executives** | | |
| অক্টোবর ২৩-২৭<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৭,০০০/- | এম. আমিনুর<br>সেল :০১৭১৬-৫৫১৬৬১<br>ই-মেইল : amenoor.bim@gmail.com<br>aminoor@bim.gov.bd |
| **11 Project Management (Online)** | | |
| অক্টোবর ২৮-৩০<br>০৯:০০-১৭:০০ | বিআইএম ঢাকা<br>৫,০০০/- | ড. ইঞ্জিঃ মোঃ মামুনুর রশিদ<br>সেল :০১৭১২-৭০০৪১২<br>ই-মেইল : mamunur.rashid@bim.gov.bd<br>mamun87245@gmail.com |
| **12 Bangladesh Labor Act 2006 and Bangladesh Labor Rules 2015** | | |
| অক্টোবর ৩১-নভেম্বর. ০৪<br>১৭:৩০-২১:৩০ | বিআইএম ঢাকা<br>৭,০০০/- | মুহাম্মদ মইনুল ইসলাম<br>সেল : ০১৭২০-৪৬২২০২<br>ই-মেইল : mainul.islam@bim.gov.bd<br>mainul0786@yahoo.co.in |

উপর্যুক্ত প্রশিক্ষণ কোর্সসমূহ সরকারি, বেসরকারি ও এনজিও প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপকদের জন্য উপযোগি। যে কোন স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী ব্যক্তি উল্লেখিত কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবেন। কোর্সসমূহে অংশগ্রহণের জন্য কোর্স ফি মহাপরিচালক, বিআইএম - এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রদান করতে হবে। বিস্তারিত ওয়েব সাইট দেখুন: www.bim.gov.bd

# শহরে অভিবাসন রোধে গ্রামে শিল্প স্থাপনে উৎসাহ দিতে হবে

P-13
Ittefaq
07 Oct. 2021

## বিআইডিএসের গবেষণা

■ ইত্তেফাক রিপোর্ট

গ্রাম থেকে শহরে অভিবাসন রোধে গ্রাম পর্যায়ে শিল্প স্থাপনে উৎসাহিত করতে হবে। এক্ষেত্রে সরকারি প্রণোদনাগুলো সেভাবে সাজানোর সুপারিশ করেছে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)। গতকাল বুধবার 'লোকাল ননফার্ম অপরচুনিটি অ্যান্ড মাইগ্রেশন ডিসিশন : এভিডেন্স ফ্রম বাংলাদেশ' শীর্ষক গবেষণায় এই সুপারিশ করা হয়। গবেষণা নিয়ে গতকাল সেমিনারের আয়োজন করা হয়। বিআইডিএসের জ্যেষ্ঠ গবেষক ড. কাজী ইকবাল এতে মূল পত্র উপস্থাপন করেন। বিআইডিএসের মহাপরিচালক ড. বিনায়ক সেন এতে সভাপতিত্ব করেন।

কাজী ইকবাল উল্লেখ করেন, কোভিড-১৯ মহামারি শুরুর দিকে যখন দেশব্যাপী লকডাউন ঘোষণা করা হলো তখন আমরা গ্রাম থেকে শহরে কাজ করতে যাওয়া শ্রমিকদের দুর্দশা লক্ষ করেছি। বাংলাদেশ, ভারতসহ আরো অনেক উন্নয়নশীল দেশের জন্য এটি ছিল নিঃসন্দেহে একটি কঠিন মানবিক বিপর্যয়। বিপুল পরিমাণ শ্রমিক তাদের স্থায়ী বাসস্থান থেকে অনেক দূরবর্তী স্থানে কাজ করার কারণেই এই বিপর্যয় তৈরি হয়েছিল। এ ধরনের পরিস্থিতিতে উন্নত দেশগুলোতে তৈরি হয়নি। ভবিষ্যতে এ ধরনের বিপর্যয় এড়াতে শ্রমিকদের স্থায়ী বাসস্থানের কাছাকাছি স্থানে কর্মসংস্থানের সুযোগ তৈরির বিকল্প নেই।

গবেষণায় দেখা যায়, অকৃষি খাতের আয় বৃদ্ধি পেলে পৌরসভা এলাকা থেকে অভ্যন্তরীণ অভিবাসনের প্রবণতা হ্রাস পায়। গ্রামীণ এলাকা থেকে নয়। তবে অকৃষি খাতের আয় বৃদ্ধি পেলে গ্রামীণ এলাকা থেকে অভ্যন্তরীণ অভিবাসন উৎসাহিত হয়। যেসব পরিবারের আয় এবং শিক্ষা তুলনামূলক বেশি এবং জমির পরিমাণ অপ্রতুল, সেসব পরিবারের ক্ষেত্রে এ প্রভাব বেশি। তবে ইউনিয়ন পর্যায়ে অভিবাসনের প্রবণতা কম।

এ গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল নীতিনির্ধারণের ক্ষেত্রে অন্তত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। উন্নয়নশীল দেশগুলোতে সাময়িক দুর্ভিক্ষ কমানো এবং দারিদ্র্য বিমোচনে অভিবাসন-ভর্তুকিকে একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। এ কৌশল সাময়িক দুর্ভিক্ষ সমস্যার স্বল্পমেয়াদি সমাধান দিতে সক্ষম হলেও এটিকে বৃহত্তর পরিসরে বাস্তবায়ন করতে গেলে শহর এলাকায় দীর্ঘ মেয়াদে মজুরির হার হ্রাস এবং জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেতে পারে। দীর্ঘ মেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে তাই গ্রামীণ এলাকায় কর্মসংস্থান বৃদ্ধির দিকে বেশি মনোযোগ দিতে হবে যেন গ্রাম থেকে শহরে অভিবাসনের মাত্রা কমে আসে।

গবেষণায় আরো উল্লেখ করা হয়, মৌলিক প্রশ্ন হলো শিল্পকারখানার অবস্থান বিবেচনা করে শ্রমিকদের শিল্পের কাছাকাছি জায়গায় বাসস্থান নির্ধারণ করা উচিত, নাকি শিল্পকারখানাগুলোকে শ্রমিকদের অবস্থানের কাছাকাছি জায়গায় স্থাপন করা উচিত। এযাবতকাল বাংলাদেশসহ অন্যান্য উন্নয়নশীল দেশগুলো প্রথম কৌশলটি ব্যবহার করেছে। একটি দেশের উন্নয়নের প্রথম পর্যায়ে এটি সমর্থনযোগ্য হলেও দেশের উন্নতির পরবর্তী ধাপে যখন শহরগুলোর ওপর শিল্পকারখানা এবং জনসংখ্যার চাপ বেড়ে যায়, তখন ভারসাম্যপূর্ণ উন্নয়ন এবং জনকল্যাণের স্বার্থে দ্বিতীয় কৌশলটি বেশি কার্যকর। এ লক্ষ্যে ব্যক্তি খাতের উদ্যোক্তারা নিজ উদ্যোগে প্রত্যন্ত এলাকায় শিল্পকারখানা স্থাপন করবেন, এমন প্রত্যাশা বাস্তবসম্মত নয়, কারণ সেসব এলাকায় উৎপাদন খরচ তুলনামূলকভাবে বেশি। তাই সরকারের পক্ষ থেকে এমন প্রণোদনা কাঠামো তৈরি করতে হবে যেন ব্যক্তি খাত গ্রাম এলাকায় বা শহরের বাইরে শিল্পকারখানা স্থাপনে উৎসাহিত হয়। যেহেতু তৈরি পোশাক শিল্প কারখানার শ্রমিকদের সিংহভাগ গ্রাম থেকে আসেন। সরকারের উচিত গ্রামে যেমন প্রতি ইউনিয়নে একটি শিল্পকারখানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা।

**Government of the People's Republic of Bangladesh**
Office of the Project Director
"Strengthening Operational Capacity of the Department of Land Records and Surveys (DLR&S) for Digital Survey Project"
Department of Land Records and Surveys
Bhumi Bhaban Complex
98, Shaheed Tajuddin Ahmed Sarani
Tejgaon, Dhaka-1208.
Web: www.dlrs.gov.bd

বাংলাদেশের মুক্তিযুদ্ধের Bangladesh 50

ভূমি সেবা ডিজিটাল বদলে যাচ্ছে দিনকাল

P-13
Ittefaq
4 NOV. 2021

# Re- Request for Expressions of Interest (EoI)

| | | |
|---|---|---|
| **GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH** | | |
| 01 | Ministry/Division | **Ministry of Land** |
| 02 | Agency | **Department of Land Records and Surveys (DLRS)** |
| 03 | Client Name | Strengthening Operational Capacity of the Department of Land Records and Survey (DLR&S) for Digital Survey Project |
| 04 | Client Code | Not used at present |
| 05 | Client District | Dhaka |
| 06 | Expression of interest for selection of | Consultant: Procurement (National) (Time Based) |
| 07 | EoI Ref No | 31.03.0000.014.07.024.21.104 |
| 08 | Date | 03-11-2021 |
| **KEY INFORMATION** | | |
| 09 | Selection Method | Individual Consultant Selection (ICS) |
| **FUNDING INFORMATION** | | |
| 10 | Budget and Source of Funds | GoB |
| 11 | Development Partners (if applicable) | N/A |
| **PARTICULAR INFORMATION** | | |
| 12 | Project/Program Code(if applicable) | 224323200 |
| 13 | Project Name(if applicable) | Strengthening Operational Capacity of the Department of Land Records and Survey (DLR&S) for Digital Survey Project |
| 14 | EoI Closing Date and Time | 18-11-2021 at 12:30 pm |
| **INFORMATION FOR APPLICANT** | | |
| 16 | Brief Description of Assignment | **Consultant: Procurement (CP):** The CP will work as full-time member of the procurement team in Project Implementation Unit (PIU), and will be responsible for assisting Project Director (PD) to procure the items as per existing law. Brief description of assignment are as follows:<br><br>Prepare an Annual Procurement Plan, Procurement Schedule, review and finalize existing procurement documents, finalize bidding documents of works, specification of goods, terms of reference for the consulting services, bidding documents and bidding advertisements in aspect of procurement.<br><br>Organize an On-Job Training, as necessary, procurement seminars for colleagues; Evaluate the bidding documents and technical proposal; Monitor procurement of goods, works and services and submit monthly progress reports as necessary, prepare monthly performance reports for the project in aspect of procurement and other related tasks assigned by the PD.<br><br>The **CP** will have a significant role in assuring the integrity, fairness, and overall quality of procurement in conformance with the requirements of the applicable laws of Bangladesh. He should not make a conflict of interest while working and should keep all the project information confidential. |
| 17 | Qualification and Experience | **Educational:** Masters in **'Procurement and Supply Management'** from any recognized University in the home or abroad;<br><br>**Experience:**<br>• Experience of being directly involved in the process of purchase of **at least 05 (five)** products or services (including purchase plan, technical specifications and preparation of tender documents) of a large government / semi-government / autonomous or corporate organization with a minimum value of **Tk. 01 (one) crore;**<br>• Strong background in Procurement and Supply Management in Bangladesh;<br>• Close familiarity with Procurement and Supply Management related problems in Bangladesh's development projects and issues and some research and working experience in the above areas;<br>• Strong interpersonal skills and ability to work effectively in a team-based environment and under tight time constraints;<br>• Ability to provide the full range of operational assistance with independent responsibility and familiar with E-GP;<br>• Ability to build effective working relations with Client's and colleagues. |
| 18 | Other Details (if applicable) | The Consultant will be selected in accordance with procedures for recruiting Individual Consultants set out in the Public Procurement Rules- 2008. A copy of the Terms of Reference (ToR) and necessary forms of the assignment may be obtained from the address below during **9:00 am to 05:00 pm** or downloaded from Ministry of Land website at: www.minland.gov.bd & DLRS website at: www.dlrs.gov.bd. Re-REoI shall be submitted on or before **18-11-2021 at 12:30 pm** in sealed envelope delivered to the undersigned and be clearly marked **"Re- Request for Expression of Interest for selection of Consultant: Procurement".** Necessary documents in support of educational qualifications and experience & skills shall have to be submitted for Individual Consultant. |
| **CLIENT DETAILS** | | |
| 21 | Name of Official Inviting EoI | Muhammad Wahiduzzaman *ndc* Additional Secretary |
| 22 | Designation of Official Inviting EoI | Project Director |
| 23 | Address of Official Inviting EoI | Office of the Project Director<br>**Room No. 1201, Floor - 11**<br>Department of Land Records and Surveys (DLRS)<br>Bhumi Bhaban Commplex<br>98, Shaheed Tajuddin Ahmed Sarani, Tejgaon, Dhaka-1208. |
| 24 | Contract Details of Official Inviting EoI | Telephone: 02-8170481; Fax: 02-9122849; E-mail: cap.blg.dlrs20@gmail.com |
| 25 | The client reserves the right to accept or reject any / all EoI's without showing reason whatsoever. | |

03/11/21

**(Muhammad Wahiduzzaman *ndc*)**
Additional Secretary
Project Director

স-২৫৪০ (১০×৩)

P-3, Ittefaq, 8 Nov. 2021



পুরান ঢাকার ইসলামপুরে আহসান মঞ্জিলের পাশেই গোল তালাব অথবা গোল পুকুর। স্থানীয়দের কাছে পুকুরটি 'নবাববাড়ি পুশকুনি' নামে পরিচিত। ১৮৮৬ সালে নবাব আব্দুল বারি পুকুরটি খনন করান

—আব্দুল গনি